১৬

দৈনিক ইত্তেফাক

তারিখ 06 NOV 1997
পৃষ্ঠা ১১ কলাম ৩

# ডিগ্রী (বাংলা) পরীক্ষায় ৮৪৫ জন বহিষ্কার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ বিভিন্ন স্থানে হাঙ্গামা, পুলিশের সহিত নকল সরবরাহকারীদের সংঘর্ষ ও ধাওয়া পাল্টা ধাওয়ার মধ্য দিয়া গতকাল (বুধবার) জাতীয় বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা বিষয়ের ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সারাদেশের বিভিন্ন কেন্দ্র হইতে ৮৪৫ জনকে বহিষ্কার করা হইয়াছে। বহিষ্কৃতদের মধ্যে রহিয়াছেঃ নীলফামারীতে ২৪ জন, বগুড়ায় ৫৭ জন, গাইবান্ধায় ১১ জন, দিনাজপুর ৩৮৭ জন, দৌলতখানে (ভোলা) ৩ জন, টাঙ্গাইলে ১২৫ জন, নেত্রকোনায় ১৪৯ জন, জামালপুরে ৭৯ জন।